R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
শ্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা [illegible]
মির্জাপুর
পোঃ ঘোড়শালা ( মুর্শিদাবাদ)

৭৩শ বর্ষ. ৪৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২২শে বৈশাখ বুধবার, ১৩৯৪ সাল
৬ই মে, ১৯৮৭ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্ সডাক

## সিকিউরিটী ফোর্সই চোরাচালানকারীদের সিকিউরিটী দিচ্ছে

বিশেষ প্রতিবেদক : এপার বাংলা—ওপার বাংলার মাঝখানে দুস্তর পদ্মা। মহকুমার সীমান্ত অঞ্চলের খেজুরতলা ঘাট চোরাচালানকারীদের মুক্তাঞ্চল। অসুবিধা ছিল যাতায়াতের রাস্তা। বর্তমানে সে অসুবিধাও দূর করেছেন জঙ্গিপুর ব্যারেজ কর্তৃপক্ষ। ভাঙ্গন রোধের কাজ চলার কল্যাণে আহিরণ ব্যারেজ থেকে খেজুরতলা পর্যন্ত ইট ফেলে রাস্তা পোক্তা করা হয়েছে। তার উপর দিয়ে সহজে ও দ্রুতবেগে যেতে পারছে বোঝাই ট্রাক, ঘোড়াগাড়ী ইত্যাদি যানবাহন। ঐ সব গাড়ীতেই বাংলাদেশে গোপন মাল যাচ্ছে আসছে। ব্যারেজ এলাকা রক্ষাকারী সি আই এস এফের কাজ এখানে ( শেষ পৃষ্ঠায় )

## মে দিবসে শ্রমিক নির্যাতন

নিজস্ব সংবাদদাতা : ফরাক্কা থেকে আই এন টি ইউ সি সূত্রে জানা যায় গত ১ মে যখন তাঁদের সংস্থা 'মে দিবস' উদযাপন করছিলেন, সেই সময় কিছু দুষ্কৃতকারী শহীদ বেদীর ক্ষতিসাধন করে ও সংস্থার পতাকা ছিঁড়ে পুড়িয়ে দেয়। এই জঘন্য কাজের প্রতিবাদ জানাতে গেলে সংস্থার কর্মী ( শেষ পৃষ্ঠায় )

## পরীক্ষা কেন্দ্রে অশান্তি

জঙ্গিপুর : ৬ মে জঙ্গিপুর হাই স্কুল কেন্দ্রে মাধ্যমিকের ইংরাজী পরীক্ষার দিন ১জন ছাত্র ও ১জন ছাত্রীকে অসদুপায় অবলম্বনের অপরাধে এক্সপেল করা হয়। এই ঘটনায় কেন্দ্রের বাইরে উত্তেজনা ছড়িয়ে পড়ে ও জিতেন্দ্র নাথ পাল নামে জনৈক শিক্ষক কতিপয় যুবকের ( শেষ পৃষ্ঠায় )

## বার লাইব্রেরীর ঘরে জুয়ারী দল ধৃত

রঘুনাথগঞ্জ : ৬ মে রাত্রে জঙ্গিপুর বার লাইব্রেরীর ঘর থেকে পুলিশ জুয়া খেলার সরঞ্জামসহ ৬ জনকে গ্রেপ্তার করে। ঘটনার বিবরণে প্রকাশ, পুলিশ গোপন সূত্রে জানতে পারে প্রায় রাত্রেই বার লাইব্রেরীর ঘরে জুয়া খেলা হয়। সেই সূত্র ধরে হানা দেয় ও লাইব্রেরীর কেয়ারটেকার বাদল [illegible]লদার সমেত ৬ জনকে আটক করে। [illegible]দের জামিনবিহীন [illegible]ে চালান দেওয়া হয়। আসামীরা সকলেই স্থানীয় শহরের বাসিন্দা।


## ঠাণ্ডা পানীয় : ২টাঃ ৭৫পঃ

*নিম্নে উল্লিখিত ব্র্যাণ্ডগুলির প্রতি বোতল ঠাণ্ডা পানীয়ের অনুমোদিত সর্ব্বাধিক বিক্রয় মূল্য :*

বিজলী গ্রীল প্রোডাক্ট

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গোল্ড স্পট<br>লিমকা<br>থামস্ আপ<br>রিমঝিম<br>মাজা | ২টাঃ ৭৫পঃ | থ্রিল<br>স্প্রিণ্ট<br>রাশ | ২টাঃ ৭৫পঃ | আইসক্রীম সোডা<br>মুড<br>অরেঞ্জ<br>পাইনাপেল | ২টাঃ ৭৫পঃ |

ব্যবহারকারীদের স্বার্থে নরম পানীয় প্রস্তুতকারক কোম্পানীগুলির দ্বারা একযোগে প্রচারিত।

পুনরায় জনতা চা : প্রতি কেজি [illegible]৫-০০ টাকা
[illegible] ভ. [illegible], সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

## গ্রাম্য দলাদলির শিকার স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার

জঙ্গিপুর : সংবাদে প্রকাশ তেঘরী স্বাস্থ্যকেন্দ্র গত তিনমাস ধরে কার্যতঃ অচলাবস্থায় রয়েছে। স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত ডাক্তার গ্রাম্য দলাদলির চক্রান্তে বিভিন্ন অভিযোগের শিকার হন বলে জানা যায়। শেষ পর্য্যন্ত তাঁকে অন্যত্র বদলী করা হয়। অন্যান্য ডাক্তারদের উপর অত্যাচার শুরু হয়। তাঁদের বাসগৃহের উপরও হামলা চলতে থাকে। অবস্থা এমন দাঁড়ায় যে তাঁরা স্বাস্থ্যকেন্দ্র ত্যাগ করে চলে যেতে বাধ্য হন। ফলে স্বাস্থ্যকেন্দ্রটি সম্পূর্ণ অচল হয়ে পড়ে। প্রায় ১০-১৫ জন স্বাস্থ্যকর্মী ও সেবিকা বাধ্য হয়ে হাত-পা গুটিয়ে বসে থাকছেন। রোগী দেখা, রোগী ভর্ত্তি সব বন্ধ। কাজ না থাকলেও সরকারকে এঁদের বেতন বাবদ মাসিক প্রায় দেড় লক্ষ টাকা গুণাগার দিতে হচ্ছে। গ্রামের শান্তিপ্রিয় মানুষ অবিলম্বে হুজ্জত বন্ধ করা ও স্বাস্থ্যকেন্দ্রটি যথাশীঘ্র চালু করার দাবী জানান। জানা যায়, ফারুখ সেখ নামে জনৈক ডাক্তারের এই স্বাস্থ্যকেন্দ্রে যোগদানের আদেশ হয়েছে। তিনি চলতি মাসের প্রথম সপ্তাহে যোগ দেবেন বলে খবর। কিন্তু গ্রাম্য রাজনীতি বন্ধ না হলে তাঁকেও হয়তো পূর্বসুরিদের পথ অনুসরণ করতে হতে পারে।

## সেচমন্ত্রী ভাঙ্গন এলাকা ঘুরে গেলেন

জঙ্গিপুর : রাজ্যের সেচমন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় গত ৪ মে রঘুনাথগঞ্জ থানার কাশিয়াডাঙ্গা, ফ্রেজারনগর, গোবিন্দপুর প্রভৃতি গ্রামের ভাঙ্গন এলাকা দেখেন। ক্ষতিগ্রস্ত মানুষেরা সেচমন্ত্রীর হাতে বিভিন্ন দাবীদাওয়া সম্বলিত স্মারকলিপি দেন।

## সিলিণ্ডারের আঘাতে মৃত্যু

ফরাক্কা : গত ২৭ এপ্রিল এন, টি, পি, সির কাজে নিযুক্ত ওয়েষ্টার্ণ ইণ্ডিয়া ইলেকট্রনিক্স নামে এক ঠিকাদারী সংস্থার জনৈক কর্মী কাজ করার সময় সিলিণ্ডারের আঘাতে জখম হন। তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে তিনি মারা যান।


## শ্রমিকশ্রেণীর প্রতি দায়বদ্ধতার এক দশক মে দিবসে নতুন করে অঙ্গীকার

১৯৭৭ সালে ক্ষমতাসীন হবার সময় থেকেই বামফ্রন্ট সরকার মেহনতী মানুষের স্বার্থের অতন্দ্র প্রহরী। শ্রমজীবী মানুষ পেলেন এক নতুন আশা ও আত্মবিশ্বাস। যার ফলে শ্রমিকশ্রেণীর সকল স্তরে ঐক্য ও সংহতি সুদৃঢ় হয়েছে। এই ঐক্য ও সংহতি হল ঐতিহাসিক মে দিবসের সংগ্রামী আহ্বান।

বিগত এক দশকে শ্রমক্ষেত্রে বামফ্রন্ট সরকারের উল্লেখযোগ্য সাফল্যের মধ্যে রয়েছে শ্রমজীবী মানুষের ট্রেড ইউনিয়নের অধিকারকে সুরক্ষিত করা ও তাঁদের উপযুক্ত মর্যাদা দান, রাজ্যের প্রধান শিল্পগুলিতে দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক চুক্তি সম্পাদন, শ্রমিককল্যাণে ন্যুনতম বেতন-আইনের প্রয়োগ, কৃষি মজুরীর বৃদ্ধি এবং আরো অনেক সমাজকল্যাণমূলক প্রকল্পের রূপায়ণ। এক নতুন শিল্প পরিবেশ আগামী দিনে পশ্চিমবঙ্গে উন্নততর অর্থনীতি গড়ে তোলার পথ সুগম করেছে।

শ্রমিকশ্রেণীর এক উজ্জ্বলতর ভবিষ্যতের সূচনা করেছে বামফ্রন্ট সরকারের বিভিন্ন গণমুখী কর্মসূচী।

পশ্চিমবঙ্গ সরকার

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ।



**NTPC National Thermal Power Corporation Ltd.**
नेशनल थर्मल पावर कारपोरेशन
(A Government of India Enterprise)

FARAKKA SUPER THERMAL POWER PROJECT
P.O. NABARUN-742236 MURSHIDABAD (W.B.)

**Materials Management Department.**

Applications are invited from capable and reliable manufacturer/their authorised distributors/agent dealing with one or more of the following categories of materials.

A MECHANICAL & INSTRUMENTATION GROUPS.

1) Non standard fasteners (ferrous and non-ferrous).
2) Industrial Link Chains and sprockets.
3) Couplings, Plummer blocks, Clutches.
4) Coil Spring, Leaf Spring etc.
5) Gears and Gear Boxes.
6) Industrial Filters, Strainers and filter inserts.
7) Workshop consumables.
8) Special Lubricants for valves-Molycot etc. and synthetic Lubricants.
9) Different type of pressure gauges, Temperature gauges etc.
10) Valves — Gate Valves, Glove Valves, Check valves, Sluice valves etc. (Steel, Cast iron & Gun-metal).
11) Tools for workshop machines i.e. cutting, grinding and abrasive.
12) Hand Tools.
13) V Belts & other belts.
14) Conveyor belts & skirt Rubber.
15) Rollers & Idlers.
16) High pressure rubber and metallic hoses.
17) Rubber, Teflon, and synthetic non-metallic product.
18) Seals, Packings and jointing materials.
19) Alloy Steel Rolled sections.
20) Cast and rolled Non-ferrous metal sections, pipes and tubes.
21) Construction Equipment spares (Cranes, Dozers, Payloaders etc.)
22) Pump Spares.
23) Air compressors Blowers & Airconditioning equipment spares.
24) Railway components (Brake blocks, Rly. wagon parts, Axle boxes, Vacuum Cylinders, couplings, springs, forgings etc.).
25) Machined components/spares : a) Steel (b) Non-ferrous. (c) Non-metallic.
26) Cast & Machined components/spares. a) Steel (b) Cast Iron (c) Non-ferrous.
27) Fabricated and Machined components/spares. a) Metallic (b) Non-metallic.
28) Special Machined items.

B ELECTRICAL, ELECTRONIC & AIRCONDITIONING.

1) Carbon brushes, (2) Wire Wound resistors, (3) Rectifiers, 4) Capacitors, (5) Electrical contacts/tips, (6) Insulators, 7) Non-ferrous pipes and fittings and accessories for airconditioning system. 8) Electronic components/spares required for power station equipment.

TERMS AND CONDITIONS :

1) Form for APPLICATION FOR ENLISTMENT OF VENDORS can be purchased from the office of Chief Materials Manager on any working day either in person or by post against the payment of Rs.50/- per set to NTPC Ltd., Farakka in the form of Demand Draft or Postal Order encashable at P.O. Khejuriaghat, Dist. Malda which is non-refundable (Money order will not be acceptable).
2) Application forms will be issued only to Prima Facie qualified manufacturers and/or their authorised distributors/agents.
3) NTPC will not be responsible for non-receipt/late receipt or loss of application form in postal transit.
4) Application forms are not transferable.
5) Separate application is to be submitted for each categories (e.g. if a firm is dealing with gear and gear boxes and also machine components/spares and are interested for enlisting for both the categories separate application may please be submitted for each of them.)
6) In case of request by post the cover should be clearly superscribed with "REQUEST FOR FORM OF APPLICATION FOR ENLISTING AS APPROVED SUPPLIERS"
7) Interested parties presently in the mailing list of F.S.T.P.P. for aforesaid categories of materials are requested to apply against this advertisement for getting their names registered.
8) The last date of Sale of application forms is 22nd. May '87 and the last date of submission of application is 5th. June '87.

CHIEF MATERIALS MANAGER

ASP/87

## সিকিউরিটি দিচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

সিকিউরিটি রক্ষা করা কিনা এ সন্দেহ অনেকেরই। সম্প্রতি ষ্ট্যাক ইয়ার্ড থেকে লোহা পাচারে বাধা না দেওয়ার অভিযোগে একজন রক্ষী সাসপেণ্ড হয়েছেন। রক্ষীদের বিরুদ্ধে স্থানীয় মানুষের অভিযোগ ভুরিভুরি। তাঁরা নাকি ব্যারেজ ক্যানাল থেকে বড় বড় মাছ ধরে গোপনে চালান দিয়ে ফুলে ফেঁপে উঠছেন। রাতের অন্ধকারে চোরাচালানকারীদের সহযোগিতায় লালগোলা হয়ে এই মাছ কলকাতায় যায় বলে খবর। আরও অভিযোগ—নিজেদের স্বার্থেই চোরাচালানকারীদের সিকিউরিটি দিচ্ছেন সিকিউরিটি ফোর্স। লোকাল থানা, বি এস এফ ও সি আই এস এফের প্রচ্ছন্ন মদতেই খেজুরতলায় এপার ওপারের চোরা ব্যবসা জমে উঠেছে। চালানকারীরাও নির্ভয়ে সাধারণ মানুষকে চোখ রাঙিয়ে ভয় দেখিয়ে জোরদার ব্যবসা চালাচ্ছে। ব্যারেজ কলোনী থেকে খেজুরতলার দূরত্ব মাত্র তিন কিলোমিটার। ৩৪নং জাতীয় সড়কও ব্যারেজের পাশ দিয়ে চলে গেছে। ফলে বাংলাদেশের মাল খেজুরতলা হয়ে দ্রুত বেগে চলে যাচ্ছে দেশের বিভিন্ন প্রান্তে। আরও প্রকাশ, ব্যারেজ ক্যানেলের ১২০ আর ডি ঘাটটি সর্বসাধারণের জন্য ব্যবহারের অনুমতি থাকলেও সেখানে প্রায়ই নৌকা থাকে না। ডিপার্টমেন্টাল মাঝিদের দুর্দ্দান্ত প্রতাপ। জনসাধারণ অযথা হয়রাণ হন। কিন্তু সেদিকে কারও দৃষ্টি নেই। অন্যদিকে ফিডার ক্যানেলের শেষ ঘাটটি কেবলমাত্র ব্যারেজ কর্মী, কনট্রাক্টর, স্কুল কলেজের ছাত্রছাত্রী ও সিকিউরিটি ফোর্সদের পারাপারের জন্য নির্দিষ্ট। ব্যারেজ থেকে ঐ ঘাটের পারাণি বাবদ ৩০০০ থেকে ৩৫০০ টাকা মাসিক ভরতুকিও দেওয়া হয়। কিন্তু সেখানেও কোন নিয়মকানুন না মেনে যাকে তাকে পয়সা দিয়ে পার হতে হয়। এমনকি মোটা টাকার বিনিময়ে সারারাত ধরে চোরাই মালও পারাপার করা হয় বলে খবর। সব মিলিয়ে জঙ্গীপুর ব্যারেজে অন্ধকারের রাজত্ব চলছে। শান্তিপ্রিয় মানুষদের হাজার অভিযোগেও কর্তৃপক্ষের টনক নড়েনি। দুষ্কৃতকারীদের অসংকোচ গতায়াত জনজীবনে বিশৃঙ্খলা এনেছে। জনৈক ব্যারেজ কর্মীর মন্তব্য—রক্ষাকারীরা যদি দুর্নীতিগ্রস্ত হয়ে পড়ে তবে সুস্থ পরিবেশ চিন্তা করা বাতুলতা মাত্র।

## পরীক্ষা কেন্দ্রে অশান্তি

( ১ম পৃষ্ঠার পর )

হাতে লাঞ্ছিত হন। প্রতিবাদে শিক্ষকেরা গার্ড দেবেন না বলে সেণ্টার ইনচার্জকে জানান। শান্তিপ্রিয় মানুষের অভিযোগ পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা জারী থাকা সত্ত্বেও পুলিশ নিষ্ক্রিয় দর্শক মাত্র। সমস্ত ঘটনা মহকুমা শাসককে জানানো হলে তিনি প্রতিকারের প্রতিশ্রুতি দেন।

## শ্রমিক নির্যাতন

( ১ম পৃষ্ঠার পর )

হুমায়ুন রেজা ও মতিলাল ঘোষ লাঞ্ছিত হন। আই এন টি ইউ সি আরও জানান, ঐ দুষ্কৃতকারীরা সিটু সমর্থিত ও সি পি এমের স্থানীয় কর্মী। সিটুর নেতৃত্ব অবশ্য এ ঘটনার সাথে তাঁদের কোন যোগাযোগ সরাসরি অস্বীকার করেন। আই এন টি ইউ সির পক্ষ থেকে পুলিশ ও এনটিপিসি প্রশাসনকে সমস্ত ঘটনা জানানো হয় এবং এর প্রতিবাদে গত ৫ মে জি এম অফিসের সামনে এক বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়। অপর এক সংবাদে প্রকাশ, জঙ্গীপুরের জোতকমল গ্রামে দুটি টালিভাটার শ্রমিকরা 'মে দিবস' উদযাপনের প্রাক্কালে কয়েকজন সমাজবিরোধীর দ্বারা আক্রান্ত হন। ঐ সংঘর্ষে মুকুল ঘোষ ও বকুল ঘোষ গুরুতর আহত হন। তাঁদের দু'জনকে বহরমপুর হাসপাতালে পাঠান হয় বলে জানা যায়। সমগ্র জোতকমল গ্রামে দিন দুপুরে সমাজবিরোধীদের এই আক্রমণের ঘটনায় সন্ত্রাসের সৃষ্টি হয়। এ ব্যাপারে ভাটার মালিক পক্ষ জানান—ঘটনাটি পারিবারিক গণ্ডগোলের জের।

---

চালু অবস্থায় একটি জীপগাড়ী বিক্রয় আছে। অনুসন্ধানের জন্য নীচের ঠিকানায় যোগাযোগ করুন।

উর্বশী ষ্টুডিও/রঘুনাথগঞ্জ

---

রবীন্দ্রনাথের ১২৬তম জন্মজয়ন্তী সার্থকভাবে পালন করতে—
রবীন্দ্রনাথের লেখা বই
রবীন্দ্রনাথের উপর লেখা বই পড়ুন

ছাত্রবন্ধু পুস্তকালয়

রঘুনাথগঞ্জ : মুর্শিদাবাদ

---

বিশ্ব বিখ্যাত
লারসেন অ্যাণ্ড টুব্রোর সিমেণ্ট
নিশ্চিন্তে ব্যবহার করুন

কারণ এর—

★ উচ্চতর শক্তি
★ সুনিশ্চিত মূল্য
★ অপরবর্ত্তনীয় উৎকর্ষ

যা বাজারের অন্য কোন সিমেণ্টের মধ্যে পাওয়া যায় না।

পশ্চিম জার্মানীর কুশলী সিমেণ্ট বিশেষজ্ঞদের নবতম আবিষ্কার। ইহা উচ্চশক্তি সম্পন্ন। যে কোন নির্মাণ কার্য্য সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়। ঢালাই ও প্লাষ্টারিং-এর কাজে দ্রুত জমাট বাঁধা এবং পরিমাণে কম লাগে।

লারসেন অ্যাণ্ড টুব্রোর সিমেণ্ট মানেই
নিরাপত্তার সুনিশ্চত গ্যারাণ্টি

সত্বর যোগাযোগ করুন :

অনুমোদিত ষ্টকিষ্ট : এম, এল, মুন্দ্রা

জঙ্গিপুর ফোন : ২১

এখন রঘুনাথগঞ্জেও পাওয়া যাচ্ছে

যোগাযোগ করুন : গৌতম ফার্মেসী, হাসপাতাল মোড়

---

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!

সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেণ্টারে
এজেণ্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

---

বসন্ত মালতী

রূপ প্রসাধনে অপরিহার্য

সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড

কলিকাতা ॥ নিউ দিল্লী

---

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।